গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিবহন শাখা
www.mopa.gov.bd

২০ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

নং-০৫.০০.০০০০.১২১.২২.০৩২.১৯-৪৬ তারিখ : ---------------------------

০৩ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি.

**পরিপত্র**

**বিষয় : সরকারি যানবাহন অধিদপ্তরের ফ্রিজিং ভ্যান ও অ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা।**

সরকারি যানবাহন অধিদপ্তরে বিদ্যমান লাশবাহী ফ্রিজিং ভ্যান ও অসুস্থ ব্যক্তি পরিবহণকারী অ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে কোনো সুস্পষ্ট নীতিমালা না থাকায় যানবাহনগুলোর যথাযথ ব্যবহারের জন্য একটি নীতিমালার প্রয়োজন রয়েছে। এ বিবেচনায় সরকারি যানবাহন অধিদপ্তরের ফ্রিজিং ভ্যান এবং অ্যাম্বুলেন্স ব্যবহার-সংক্রান্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো :

(১) **শিরোনাম :** এ নীতিমালা 'ফ্রিজিং ভ্যান ও অ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা, ২০২০' নামে অভিহিত হবে।

(২) **সংজ্ঞার্থ :**

(ক) অ্যাম্বুলেন্স : সরকারি যানবাহন অধিদপ্তরের মালিকানাধীন অ্যাম্বুলেন্স ।

(খ) ফ্রিজিং ভ্যান : সরকারি যানবাহন অধিদপ্তরের মালিকানাধীন ফ্রিজিং ভ্যান।

(গ) ব্যবহারকারীর পরিবার : ব্যবহারকারী হিসাবে যোগ্য ব্যক্তির স্ত্রী/স্বামী, পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ি, ছেলে-মেয়ে, অপ্রাপ্তবয়স্ক ভাই, অবিবাহিত/তালাকপ্রাপ্ত/বিধবা বোন, পিতামহ-পিতামহী এবং পুত্রের বিধবা স্ত্রী ও শিশুসন্তান।

(৩) **ব্যবহারকারী :**

(ক) ফ্রিজিং ভ্যান ব্যবহারের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ সদস্যবৃন্দ, সংসদ সদস্যবৃন্দ, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সকল কর্মচারী ব্যবহারকারী হিসাবে গণ্য হবেন এবং ব্যবহারকারীর পরিবারের সদস্যবৃন্দ এ সুবিধার আওতাভুক্ত হবেন।

(খ) অ্যাম্বুলেন্স ব্যবহারের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ সদস্যবৃন্দ, সংসদ-সদস্যবৃন্দ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মচারী, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মচারীগণ ব্যবহারকারী হিসাবে গণ্য হবেন এবং ব্যবহারকারীর পরিবারের সদস্যবৃন্দ এ সুবিধার আওতাভুক্ত হবেন।

(৪) **আবেদন প্রক্রিয়া :**

(ক) ফ্রিজিং ভ্যান কিংবা অ্যাম্বুলেন্স ব্যবহারের প্রয়োজন হলে ব্যবহারকারী অথবা তার পরিবারের যে-কোনো সদস্য নির্দিষ্ট ফর্মে আবেদন করতে পারবেন। সার্বক্ষণিক (২৪/০৭/৩৬৫) সেবা প্রদানের লক্ষ্যে পরিবহন কমিশনার হটলাইন নম্বর চালু এবং অনলাইনে আবেদন গ্রহণের ব্যবস্থা করবেন। পরিবহন কমিশনার এ সেবা প্রদানের জন্য উপযুক্ত কর্মচারীকে দায়িত্ব প্রদান করবেন।

(খ) আবেদনকারীর সংখ্যা একই সময়ে একাধিক হলে অগ্রাধিকার বিষয়ে পরিবহন কমিশনারের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

(৫) **ব্যবহার নির্দেশনা :**

সরকারি যানবাহন অধিদপ্তরের অনুমোদনক্রমে বাংলাদেশের যে-কোনো অঞ্চলে ফ্রিজিং ভ্যান ও অ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে। মরদেহ বা অসুস্থ ব্যক্তি পরিবহণ ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ফ্রিজিং ভ্যান ও অ্যাম্বুলেন্স ব্যবহার করা যাবে না। যেসকল অঞ্চলের রাস্তায় যানবাহন চলাচলের অনুপযোগিতার কারণে গাড়ি ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা আছে সেসকল অঞ্চলে সাধারণভাবে যাতায়াত করা যাবে না। অনুমোদিত চলাচলের ক্ষেত্রে যানবাহনের কোনো ক্ষতি হলে সংশ্লিষ্ট আবেদনকারী প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

(৬) **জ্বালানির ব্যবহার :** ফ্রিজিং ভ্যান ও অ্যাম্বুলেন্স সরকারি যানবাহন অধিদপ্তর হতে বুঝে নেওয়ার পর সরকারি যানবাহন অধিদপ্তরে ফেরত আসা পর্যন্ত প্রয়োজনীয় জ্বালানির ব্যয় আবেদনকারীকে বহন করতে হবে।

(৭) **ফেরি/সেতুর ব্যবহার :** যাতায়াত পথে ফেরি পারাপার বা সেতু ব্যবহারের প্রয়োজনে ফেরি/সেতুর টোল ইত্যাদি ব্যবহারকারী পরিশোধ করবেন।

(৮) **ব্যবহারজনিত ভাড়া :**

(ক) ফ্রিজিং ভ্যান :

(১) ঢাকা শহর ও এর আশেপাশের ২০ (বিশ) কিলোমিটারের মধ্যে ৫০০/-(পাঁচশত) টাকা এবং
(২) তৎপরবর্তী প্রতি কিলোমিটার ০৩ (তিন) টাকা হারে।

(খ) অ্যাম্বুলেন্স :

(১) ঢাকা শহর ও এর আশেপাশের ২০ (বিশ) কিলোমিটারের মধ্যে ৫০০/-(পাঁচশত) টাকা এবং
(২) তৎপরবর্তী প্রতি কিলোমিটার ০৩ (তিন) টাকা হারে।

(৯) **পরিশোধ পদ্ধতি :** গাড়ি ব্যবহারের পর গাড়িতে সংযোজিত ভ্যাহিকেল ট্র্যাকার (Vehicle Tracker)-এর অতিক্রান্ত দূরত্ব-অনুযায়ী প্রকৃত দূরত্ব হিসাবে ট্রেজারি চালানের মাধ্যমে নির্দিষ্ট কোডে ০৩ (তিন) দিনের মধ্যে বিল পরিশোধ করতে হবে। চালানের মূল কপি সরকারি যানবাহন অধিদপ্তরে জমা দিয়ে না-দাবি পত্র সংগ্রহ করতে হবে। প্রাপ্ত আয় নন ট্যাক্স রেভিনিউ হিসাবে গণ্য হবে।

(১০) জনস্বার্থে এ নীতিমালা প্রণয়ন করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

০১/০২/২০২১

শেখ ইউসুফ হারূন
সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

বিতরণ :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
৩. সিনিয়র সচিব/সচিব................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল);
৪. সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা;
৫. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা;
৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেট প্রকাশের অনুরোধসহ);
৭. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।